জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.৬৫

তারিখ : ২২ বৈশাখ ১৪২৯ / ০৫ মে ২০২২

# সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : এপ্রিল ২০২২

**০১। বর্ষবরণ উৎসব ১৪২৯ :** আবহমান বাংলা ও বাঙালির চিরায়ত উৎসব পহেলা বৈশাখকে উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে বরণ করল সিলেট জেলা শিল্পকলা একাডেমি। বাংলা নববর্ষকে বরণ উপলক্ষে ১লা বৈশাখ / ১৪ এপ্রিল সকাল সাড়ে ৯টায় কবি নজরুল অডিটোরিয়াম সংলগ্ন মুক্তমঞ্চে আয়োজন করা হয় বর্ষবরণ উৎসব ১৪২৯। হাজারো মানুষের ঢল, মুহুর্মুহুর করতালি, বর্ণিল আয়োজন এবং গান, আবৃত্তি ও নৃত্যের মূর্ছনায় মুখরিত ছিল মুক্তমঞ্চ। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় এবং জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান-এর সভাপতিত্বে উৎসবের উদ্বোধনী পর্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেট বিভাগীয় কমিশনার ড. মুহাম্মদ মোশাররফ হোসেন। উদ্বোধনী পর্বে নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন করেন সিলেট রেঞ্জের ডিআইজি মফিজ উদ্দিন আহম্মেদ পিপিএম, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) দেবজিৎ সিংহ, পুলিশ সুপার মোহাম্মদ ফরিদ উদ্দিন পিপিএম; বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট জেলা ইউনিটের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা সুব্রত চক্রবর্ত্তী জুয়েল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট মহানগর ইউনিটের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা ভবতোষ রায় বর্মণ, সিলেট জেলা প্রেসক্লাবের সভাপতি আল আজাদ ও সিলেট প্রেসক্লাবের সভাপতি আব্দুর রশিদ রেণু। জেলা শিল্পকলা একাডেমি সিলেট আয়োজিত বর্ষবরণ উৎসবে একাডেমির প্রশিক্ষণার্থী নাফিসা তানজিনের সঞ্চালনায় সাংস্কৃতিক পরিবেশনার মধ্যে ছিল বৈশাখের গান, রবীন্দ্রসংগীত, দেশের গান, বাউল গান, লালনগীতি, লোকগান, মণিপুরী নৃত্য, কাঠি নৃত্য, ঝুমুর নৃত্য, বেদে নৃত্য ও বৈশাখের কবিতা আবৃত্তি। এতে জেলা শিল্পকলা একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ, একাডেমী ফর মণিপুরী কালচার এন্ড আর্টস, সুরাঞ্জলি, নবারুণ শিল্পীগোষ্ঠী, মুক্তাক্ষর, গীতাঞ্জলি, তারুণ্য, ললিত মঞ্জরী ও নৃত্যরথ দলীয় পরিবেশনা উপস্থাপন করেন। একক পরিবেশনায় ছিলেন মোকাদ্দেস বাবুল, বাউল সূর্য্যলাল দাস, শামীম আহমদ, রবিউল আউয়াল রবি, শান্তা দাস চৈতী ও পুষ্পা চৌধুরী প্রমুখ। পুরো অনুষ্ঠান জুড়ে বিভিন্ন বয়সী মানুষের উপস্থিতিতে মুখরিত ও বর্ণিল ছিল আয়োজনটি। এরপূর্বে নতুন বছরকে স্বাগত জানাতে সিলেট জেলা প্রশাসন আয়োজিত মঙ্গল শোভাযাত্রায় বর্ণিল সাজে সজ্জিত হয়ে অংশগ্রহণ করে জেলা শিল্পকলা একাডেমি সিলেট।

**০২। ঐতিহাসিক মুজিবনগর উদ্‌যাপন :** ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম এবং মুক্তিযুদ্ধের এক অবিস্মরণীয় দিন। ১৯৭১ সালের এই দিনে তৎকালীন মেহেরপুর জেলার বৈদ্যনাথ তলার আম্রকাননে স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করেন। মুক্তিযুদ্ধ পরিচালনা এবং দেশে ও বিদেশে এই যুদ্ধের পক্ষে জনমত গড়ে তোলা ও সমর্থন আদায় করার ক্ষেত্রে এই সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মুজিবনগর দিবসটি যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সিলেট জেলা শিল্পকলা একাডেমি ১৭ এপ্রিল বিকাল ৩টায় একাডেমি প্রাঙ্গণে আয়োজন করা হয় ঐতিহাসিক মুজিবনগর দিবসের পটভূমি ও তাৎপর্যের আলোকে সাংস্কৃতিক অনুষ্ঠান। সাংস্কৃতিক অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত। এরপর একাডেমির প্রশিক্ষণার্থী নাফিসা তানজীনের উপস্থাপনায় সাংস্কৃতিক অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমির সংগীত এবং নৃত্য বিভাগ দলীয় সংগীত ও নৃত্য পরিবেশন করেন। একক পরিবেশনায় ছিলেন হিমেল মাহমুদ, প্রিয়াংকা দাস, নাফিসা তানজীন, অর্পিতা তালুকদার, মনোরমা দাস ধৃতি ও অহনা দাশ পূজা।

**০৩। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ২৪ ফেব্রুয়ারি ২০২২ থেকে নতুন বছরের প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে।

[চলমান পাতা - ২]

০৪। **লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট **১১৪২**টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. .১০.. কপি ছবি (সফট কপি)।
২. .২. পেপার কাটিং টি।

০৫/০১/২০২২

**(অসিত বরণ দাশ গুপ্ত)**
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।